মেহেরপুরে সাবেক শিক্ষকের মৃত্যু

মেহেরপুরের হিজুলি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক শিক্ষক আব্দুল মুতালিব ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

আজ দুপুর ১ টার সময় হিজুলি গ্রামে নিজ বাসভবনে বার্ধক্যজনিত কারণে তার মৃত্যু হয়। তিনি এনজিও কর্মী ও সাংবাদিক সাদ আহাম্মদের পিতা।

মৃত্যুকালে আব্দুল মুতালিবের বয়স হয়েছিলো (৮০ বছর)। তিনি ২ ছেলে ও ২ মেয়েসহ পিতা ছিলেন।

আজ বিকেল ৫ টা ৩০ মিনিটের সময় জানাজা শেষে হিজুলি কবরস্থানে দাফন করা হবে।

মেহেরপুর বিআরটিএ অফিসে দুদকের অভিযান, দুই যুবকের জেল জরিমানা

মেহেরপুর বিআরটিএ অফিস অভিযান পরিচালনা করে সরকারি কাজে বাধা প্রদান করায় দুই যুবককে জেলা ও জরিমনা করেছে দুদকের একটি টিম।

আজ বুধবার (১৩ মার্চ) দুপুরে দুদুক সমন্বিত জেলা কার্যালয় কুষ্টিয়ার সহকারী পরিচালক সাইদুর রহমান এ অভিযান পরিচালনা করেন। এসময় সরকারি কাজে বাঁধা প্রদান করায় নাজমুস সাকিব ও শাওন খান নামের দুই যুবককে আটক করেন তিনি।

পরে নির্বাহী ম্যাজিষ্ট্রেট আবির হোসেন সেখানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে দণ্ডবিধির ১৮৬০ এর ১৮৮ ধারায় নাজমুস সাকিবকে ২০০

টাকা জরিমানা এবং শাওন খানকে ৩দিনের জেল ও ২০০টাকা জরিমানা করেন। দণ্ডিত শাওন খান মেহেরপুর মল্লিকপাড়ার এবং নাজমুস শাকিব স্টেডিয়াম পাড়ার বাসিন্দা।

দুদকের সহকারী পরিচালক সাইদুর রহমান মেহেরপুর প্রতিদিনকে এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী পৌর সুপার মার্কেট নির্মাণ কাজ অনিশ্চিত!

গাংনীর বাজার স্থানান্তর না হওয়ায় থমকে আছে গাংনী পৌর সুপার মার্কেট নির্মাণ কাজ। মার্কেট নির্মাণ না হওয়ায় বিপাকে পড়েছেন ব্যবসায়ী ক্রেতা সাধারণ।

এ নির্মাণ কাজ বাঁধাগগ্রস্থ করতে কৌশলগত ঢাল হিসেবে ব্যবহার করা হচ্ছে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়কে। গাংনী বাজারের ব্যবসায়ী ও ক্রেতা সাধারনের দীর্ঘদিনের দাবী যেন মুখ থুবড়ে পড়েছে। তবে দ্রত সমাধান করে মার্কেট নির্মাণ কাজ শুরুর দাবী পৌরবাসীর। পৗর কর্তৃপক্ষ বলছে, হাটটি অন্য কাথাও স্থানান্তর করা না হলে পৌর সুপার মার্কেট নির্মাণ করা সম্ভব হচ্ছে না।

জানাগেছে, ১৬ কোটি টাকা ব্যায়ে নির্মিত হতে যাচ্ছে গাংনী পৌর সুপার মার্কেট। এ নির্মাণ কাজ বাঁধাগ্রস্থ করতে ঢাল হিসেবে ব্যবহার করা হচ্ছে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়কে। রাজনৈতিক ষড়যন্ত্রের অংশ হিসেবে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পরিষদ ও উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন নানা ধরনের কৌশল অবলম্বন করছেন বলে অভিযোগ করেছেন গাংনী পৌরকর্তৃপক্ষ।

এ কাজের প্রমাণ মিলেছে গাংনী উপজেলার প্রাণকেন্দ্রের একমাত্র সাপ্তাহিক হাট ফুটবল মাঠে স্থানান্তরে বাঁধা দেওয়ার মধ্য দিয়ে। এলাকার স্বার্থে ফুটবল মাঠ সংস্কারে পৌর কর্তৃপক্ষের অবদান থাকলেও গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের অবস্থান ঠিক উল্টো। পৌর কর্তৃপক্ষ বলছে, হাটটি অন্য কোথাও স্থানান্তর না করা

পর্যন্ত পৌর সুপার মার্কেট নির্মাণ করা সম্ভব হচ্ছে না।

পৌর মেয়র আহমেদ আলী জানায়, স্থানীয় ব্যবসায়ীদের স্বাচ্ছন্দে যাতে ব্যবসা করতে পারে সে জন্য পৌর সুপার মার্কেট নির্মাণের প্রকল্প হাতে নেওয়া হয়। ব্যায় ধরা হয় ১৬ কোটি ২৯ লাখ টাকা। কাজের মেয়াদ কাল প্রায় দুই বছর। এ সময়ে ব্যবসায়ীদের জন্য অস্থায়ী স্থান নির্ধারণ করা হয়।

তহবাজারটিতে স্থানীয় কাচা বাজারে স্থানান্তর করা হয়। সাপ্তাহিক দুটি হাট ফুটবল মাঠে বসানোর জন্য এলাকাতে মাইকিং করা হয়। গতকাল মঙ্গলবার থেকে হাট বসানোর কথা ছিল। সে কাজে বাঁধসাধে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় কর্তৃপক্ষ।

পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি ও গাংনী উপজেলা যুবলীগ সভাপতি মোশারফ হোসেন বলেন গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের প্রভাষক শফি কামাল পলাশ এক সংবাদ সম্মেলনের আয়োজন করেন। এতে হাটটি না বসানোর দাবী জানানো হয়। এখানে জনস্বার্থের কথা বিবেচনা করা হয়নি।

একটি সুত্র বলছে, পৌর মেয়র আহম্মেদ আলীর সাথে রাজনৈতিক মনোদ্বন্দ্ব রয়েছে মোশারফ হোসেনের। একসময় একই বৃত্তে থাকলেও বেশ কিছুদিন যাবত দুজন দু’মেরুতে অবস্থান নেন। এটি প্রকট আকার ধারণ করে দ্বাদশ জাতীয় নির্বাচনে। নৌকা প্রার্থী নাজমুল হক সাগরের পক্ষে নির্বাচনী প্রচারণায় অংশ নেন মেয়র আহম্মেদ আলী। অন্যদিকে স্বতন্ত্র প্রার্থী মকবুল হোসেনের পক্ষ নেন মোশারফ হোসেন ও শফি কামাল পলাশ।

কয়েকজন ব্যবসায়ী জানান, পৌর মার্কেটটি নির্মিত হলে ব্যবসায়ীরা সুন্দর ও স্বাচ্ছন্দে ব্যবসা করতে পারবেন। অথচ সাপ্তাহিক হাটটি স্থানান্তর করা না গেলে মার্কেটটি নির্মাণ করা সম্ভব হবে না। আবার হাটের জন্য অস্থায়ী স্থান নির্ধারণ না করা হলে ব্যবসায়িরা বিপাকে পড়বেন। তারা এখানে ব্যবসা না করতে পারলেও অন্যস্থানে জায়গা করে নিবেন। ফলে হাটটির ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়বে। সেই সাথে ক্ষতিগ্রস্থ হবে ইজারদার ও ব্যবসায়ীগন।

জানা গেছে, গাংনী ফুটবল মাঠের জমি গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের একার নয়। ব্যাক্তি মালিকানাধিন বসত ভিটা ছাড়াও স্থানীয় তহশীল অফিসের জমি রয়েছে। কিন্তু মাঠটি নিজেদের বলে দাবী করে জনগনের স্বার্থের কথা না ভেবে অস্থায়ী হাট বসানোয় বাঁধা

দেয়া হচ্ছে।

গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী আরও জানান, ফুটবল মাঠে হাটটি বসানোর কথা ছিল। সেটি বাধা দিচ্ছেন গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় কর্তৃপক্ষ।

যেহেতু জায়গাটি তাদের তারা পৌরসভাকে বলতে পারতো কিন্তু তা না করে সংবাদ সম্মেলন করে নোংরা রাজনৈতিক পরিচয় দিয়েছেন। তাছাড়া সরকারের উন্নয়ন পরিকল্পিতভাবে বাধাগ্রস্থ করছে। হাটটি কাঁচা বাজার ও র্যাব ক্যাম্প মধ্যবর্তী রাস্তার পাশে বসবে। ইতোমধ্যে মসজিদ কমিটির লোকজনের সাথে কথা হয়েছে। খুব তাড়াতাড়ি ওখানে সাপ্তাহিক হাট বসানো হবে ও মার্কেট নির্মাণ কাজ শুরু করা হবে।

মুজিবনগরে গলায় দড়ি দিয়ে কৃষকের ‘আত্ন*হ*ত্যা’

মেহেরপুরের মুজিবনগরে গলায় দড়ি দিয়ে গাব্রিয়েল মল্লিক (৪৫) নামের এক কৃষক আত্নহত্যা করেছে।

আজ মঙ্গলবার সন্ধ্যা ৭ টার দিকে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ঢোলমারি গ্রামের একটি আম বাগান থেকে পরিবারের লোকজন ঝুলন্ত অবস্থায় গাব্রিয়েলকে উদ্বার করে। গাব্রিয়েল ঢোলমারী গ্রামের মৃত নারায়ন মল্লিকের ছেলে।

এ বিষয়ে নিহত গাব্রিয়েল এর স্ত্রী বলেন, আমার স্বামী শারিরিক ভাবে অসুস্থ ছিলেন, বিকেলের দিকে আমার স্বামীকে অস্থির দেখে আমি ও আমার শ্বাশুড়ি গীর্জায় যেতে বলি। গীর্জা থেকে ঘুরে আসলে শরীরটা ভালো লাগবে। তারপর সে বাড়ি থেকে বিকেলে বের হয়ে যায়। বিকেল গড়িয়ে সন্ধ্যা নেমে আসলেও সে আর বাড়িতে আসে না। এক পর্যায় পরিবারের অন্যান্য সদস্যরা খোঁজাখুজি করতে থাকে এমতাবস্থায় আমাদের নিজ আম বাগানে গলায় মাপলার জড়িয়ে আমগাছের ডালের সাথে ঝুলন্ত অবস্থায় আমার ছেলে সাগর মল্লিক দেখে। তারপর তাকে উদ্বার করে আমরা হাসপাতালে নিয়ে আসি।

উদ্বারকৃতরা জানান, উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক পরিক্ষা নিরিক্ষা করে তাকে মৃত ঘোষনা করে।

স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক জানান গাব্রিয়েল মল্লিককে হাসপাতালে আনার আগেই সে মারা গিয়েছিল।

ঘটনার সত্যতা শিকার করে মুজিবনগর থানা অফিসার ইনচার্য (ওসি) উজ্বল দত্ত জানান, ঘটনার খবর পেয়ে মুজিবনগর থানা পুলিশের একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করেছে। প্রাথমিক তদন্তে সে আত্মহত্যা করেছে বিষয়ে কোন সন্দেয় না থাকায় থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করে লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

প্রথম রোজায় সরগরম মেহেরপুরের ইফতার বাজার

দুপুরের পর থেকেই মেহেরপুরের অলিগলি, প্রধান সড়ক সবখানেই শুরু হয় ইফতারের হাঁকডাক। হোটেল-রেস্তোরাঁ, মসজিদের সামনে, ফুটপাথসহ মেহেরপুর পরিণত হয়েছে বড়ছোট ইফতারি বাজারে।

প্রথম রোজা, তাই একটু আগেভাবেই ইফতার জন্য পছন্দের খাবার কিনতে দোকানগুলোতে ভিড় জমাচ্ছেন রোজাদারেরা।

আজ মঙ্গলবার দুপুরের আগে থেকে দোকানগুলোয় বিভিন্ন মুখোরোচক খাবারের পদে পরিপূর্ণ হয়ে উঠে। বিকেল গড়াতেই শুরু হয় বেচাকেনা। চলে ইফতারের আগ পর্যন্ত।

সরেজমিনে গিয়ে দেখা যায়, বিকেলের আগেই শুরু হয়ে যায় ভাজাভাজি। তপ্ত কড়াই থেকে ছেঁকে ছেঁকে তোলা হতে থাকে বেগুনি, পেঁয়াজু, চপ, জিলাপিসহ নানা রকমের খাবার। পাশেই টেবিল পেতে চলে বিক্রি।
ইফতারে এসব নানা পদের মধ্যে রয়েছে রেশমি কাবাব, হালিম, গ্রিল চিকেন, বুন্দিয়া, কাচ্চি, জিলাপি, ছোলা, পেঁয়াজু, চপ।

এছাড়াও রয়েছে লেবুর শরবত, বেলের শরবত, তরমুজের শরবতসহ বিভিন্ন

পানীয়র আয়োজন।

শহরে বসবাসকারী হাতেম আলী। প্রথম রমজানের ইফতার করবেন পরিবারের সঙ্গে। তাই আগেভাগেই ইফতার কিনতে এসেছেন তিনি।

তিনি বলেন, প্রতি বছর রোজায় তিনি পরিবারের সঙ্গে ইফতার করেন। তাই ইফতার কিনতে এসেছেন তিনি। তবে এবারের ইফতারির আইটেমগুলোর দাম একটু বেশি বলে মনে করছেন হাতেম আলী। এরপরেও হরেক রকম খাবার কিনেছেন তিনি।

মেহেরপুরে সুর সাধনার প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পুরষ্কার বিতরণ অনুষ্ঠান

‘সুর সাধনা সাংস্কতিক সংগঠন’ মেহেরপুরের ৪র্থ প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে নৃত্য ও ফ্যাশন শো তে অংশগ্রহনকৃত ১২ জন শিশুকে পুরষ্কৃত করা হয়েছে।

আজ মঙ্গলবার সন্ধার দিকে জেলা শিল্পকলা একাডেমিতে এ পুরষ্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর সাহিত্য পরিষদের সভাপতি নূরুল আহমেদ, সংগঠনের সাধারণ সম্পাদক মোছা: সাবিনা খাতুন (সাধনা) সহ অন্যান্য সদস্যবৃন্দ।

এর আগে সাদিয়া, সামিয়, রোজা, আছিয়া, তাবাচ্ছুম, খাদিজা, সাইফাসহ ১২ জন শিশুকে পুরষ্কৃত করা হয়।

খুলনা বিভাগের সিনিয়র রোভার মেট হলেন মেহেরপুরের অনিক

খুলনা বিভাগের সিনিয়র রোভার মেট প্রতিনিধি নির্বাচিত হলেন মেহেরপুর সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের সিনিয়র রোভার মেট অনিক হাসান।

গত রবিবার (১০ মার্চ) বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের সম্পাদক প্রফেসর মুহম্মদ এনামুল হক খানের স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়।

অনিক হাসান মেহেরপুর পৌরসভার ২নং ওয়ার্ড মুখার্জি পাড়ার শহিদুল ইসলাম ও বিলকিস বেগমের ছেলে এবং মেহেরপুর সরকারি কলেজের স্নাতক দ্বিতীয় বর্ষের ছাত্র।

বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের উপবিধির ২২(দ) ধারা অনুযায়ী বিভাগীয় সিনিয়র রোভার মেট প্রতিনিধিগণ আঞ্চলিক নির্বাহী কমিটির সম্মানিত সদস্য। বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের নির্বাহী কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালনের জন্য বাংলাদেশের আট বিভাগ থেকে আটজন প্রতিনিধি নির্বাচিত হয়েছে। তারা স্ব স্ব বিভাগীয় রোভার নেতা প্রতিনিধি ও জেলা রোভার সম্পাদকের সাথে যোগাযোগ রক্ষা করে নিজ বিভাগের রোভার স্কাউটদের সুবিধাদি নিশ্চিতকরণে সহায়ক ভূমিকা রাখবে।

মেহেরপুরে সোশ্যাল ম্যাপ সম্পর্কিত কর্মশালা অনুষ্ঠিত

মেহেরপুরে প্রেরণা আর্থ সামাজিক উন্নয়ন সংস্থার উদ্যোগে সোশ্যাল ম্যাপ সম্পর্কিত এক কর্মশালা অনুষ্ঠিত হযয়েছে। গতকাল সোমবার (১১ মার্চ) প্রেরণা আর্থ সামাজিক উন্নয়ন সংস্থার নিজ কার্যালয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

দুদিনব্যাপী চলমান কর্মশালায় সংস্থার চেয়ারম্যান প্রফেসর মোঃ হাসানুজ্জামান মালেকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দেশ বরেণ্য সমাজবিজ্ঞানী এম এ ওয়াহেদ। এ ছাড়াও উপস্থিত ছিলেন সাবেক সমাজ সেবক ও কর্মকর্তা এম এ গনি।

এসময় উপস্থিত অতিথিরা বলেন, আমাদের দেশে সরকারি, আধাসরকারি ও বেসরকারি উদ্যোগে সমাজের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে অনেক কর্মসূচি নেওয়া হয়। এ সকল কর্মসূচি বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাব থাকে। এছাড়া নিড অ্যাসেসমেন্ট এবং সোশ্যাল ম্যাপ না থাকায় অনেক বড় উদ্যোগও সফলভাবে বাস্তবায়িত হতে পারেনা। আমাদের প্রেরণা সংস্থা এটি ক্ষুদ্র প্রতিষ্ঠান। এ সংস্থা সামাজিক উন্নয়নের লক্ষ্যে কয়েকটি ক্ষুদ্র কর্মসূচি গ্রহণ করেছে। এ সকল কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য সংস্থার কর্মী ও সদস্যদের যোগ্য ও দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয়।

ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার কমিটি গঠন

ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার ২০২৪ সেশনের নব্য গঠিত আহ্বায়ক কমিটি গঠন ও জেলা সম্মেলন অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার (১১ই মাচ) দুপুর ২ টার সময় আশারায়ে মোবাশ্বারা মাদরাসায় জেলা সম্মেলন অনুষ্ঠিত হয়।
উক্ত জেলা সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি ছাত্র আন্দোলন বাংলাদেশের অর্থ ও কল্যাণ বিষয়ক সম্পাদক হোসাইন ইবনে সোরোয়ার।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইসলামি আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সাংগঠনিক সম্পাদক মাওঃ আরিফুল ইসলাম মেহেরপুরী। উক্ত সম্মেলনের সভাপতিত্ব করেন ২০২৩ সেশনের সাবেক

সভাপতি ইমরান ইবনে খাদেম।

সম্মেলনের শেষ কেন্দ্রীয় মেহমান হোসাইন ইবনে সোরোয়ার বলেন, দিন দিন বাংলাদেশের কোনাই কোনাই ইসলামী ছাত্র আন্দোলন এর জনপ্রিয়তা বৃদ্ধি পাচ্ছে। ছাত্ররা বুঝতে পারছে ইসলামি ছাত্র আন্দোলন প্রতিটা ছাত্র দুনিয়া ও আখেরাতের জন্য কতটা গুরুত্বপূর্ণ। আলহামদুলিল্লাহ! সেই তাগিদে মেহেরপুর জেলার মেধাবী ছাত্ররাও সম্পৃক্ত হচ্ছে ইসলামি ছাত্র আন্দোলনের সাথে।

পরে ইমরান ইবনে খাদেম কে সভাপতি, আতিকুর রহমান কে সহ-সভাপতি ও ইব্রাহিম খলিল আবির কে সাধারণ সম্পাদক ঘোষণা করে মেহেরপুর জেলা নব্য গঠিত আহ্বায়ক কমিটি গঠন করেন। কমিটি গঠন শেষে দোয়ার মাধ্যমে সম্মেলন শেষ করেন।

মেহেরপুরে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক প্রশিক্ষণ অনুষ্ঠিত

খাদ্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত জাতীয় খাদ্য তালিকা নির্দেশিকা ২০২০ এর উপর প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

আজ সোমবার সকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক মো: শামীম হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খাদ্য মন্ত্রণালয়ের (অ্যাড. সেক্রেটারি) ফুড প্ল্যানিং অ্যান্ড মনিটরিং ইউনিটের (এফপিএমইউ) মহাপরিচালক মোঃ শহিদুল আলম এনডিসি।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার পুলিশ সুপার এস এম নাজমুল হক বিপিএম বার পিপিএম, মেহেরপুর জেলার সিভিল সার্জন ডাঃ মহী উদ্দীন আহমেদ, খাদ্য মন্ত্রণালয়ের গবেষণা পরিচালক

মোস্তফা ফারুক, গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক সহ বিভিন্ন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

খাদ্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত জাতীয় খাদ্য তালিকা নির্দেশিকা ২০২০ এর উপর প্রশিক্ষণের সঞ্চালনা করেন সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (জে এম শাখা, ত্রাণ ও পুনর্বাসন শাখা) মোছা: রনী খাতুন।